

সরকারী আবাসন পরিদপ্তর

নং ২৫.৪৩.০০০০.০০৩.১০.০১৮.১৯.১৩৭৫ (৫)

তারিখ: ২০১৯ইং... ২০/১১/১৯

জনাব ... নিলফার ইয়াসমিন.....
সিনিয়র শিক্ষক
মোহাম্মদপুর সরকারি উচ্চ বিদ্যালয়,
..... ঢাকা।

বিষয় : এফ, আর, ৪৫, এস, আর, ৩১১, ৩১২, ৩১৩, ৩১৪, ৩১৫, ৩১৬ এবং ৩১৭ পরবর্তী সংশোধনসমূহের দ্বারা নিয়ন্ত্রিত বিধি অনুযায়ী সরকারী বাসস্থান বরাদ্দের ব্যবস্থা।

জনাব,
..... মোহাম্মদপুর, ১০/৬ ইকবাল রোড-এর ৪. A (৫ম তলা, পূর্বাংশ) ই-শ্রেণি..... ঠিকানা সম্বলিত বাসাটি আপনার নামে সাময়িকভাবে বরাদ্দ করা হইল। এই বরাদ্দের দ্বারা বাসার উপর আপনার কোন অধিকার বর্তাইবে না। আপনি পরবর্তী আদেশ জারী না হওয়া পর্যন্ত বর্ণিত বাসাটিতে বসবাস করিতে পারিবেন। আপনার নামে পূর্বে বরাদ্দকৃত বাসস্থানটি (XXXXXXXXXXXX) খালি করিয়া গণপূর্ত বিভাগের অনুসন্ধান অফিসে হস্তান্তর করতঃ বর্তমান বরাদ্দকৃত বাসা খালি হওয়ার দিন হইতে ১০ (দশ) দিনের মধ্যে আপনাকে দখল গ্রহণ করিতে হইবে, অন্যথায় এই বরাদ্দপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

এই বরাদ্দপত্র জারী হইবার দিন হইতে অথবা বাসাটি আপনার দখল গ্রহণের দিন হইতে আপনার নামে বাসাভাড়া ও অন্যান্য দাবী-দাওয়ার হিসাব শুরু হইবে। এই সমস্ত দাবী-দাওয়া আপনার অফিসের মারফত অথবা আপনার হিসাব রক্ষণ অফিসের দ্বারা প্রতি মাসে আপনার বেতন হইতে কর্তন করা হইবে। আপনি প্রাসঙ্গিক সমস্ত দাবী-দাওয়া নিয়মিতভাবে পরিশোধ করিবেন, যাহাতে কখনও কোন বকেয়া না হয়। অন্যথায় আপনার অন্যত্র বদলি অথবা চাকুরী হইতে অবসর গ্রহণ ইত্যাদি বাবদ বাসা হস্তান্তরের সময় আপনাকে হয়ত ছাড়পত্র গ্রহণ বাবদ অনাকাঙ্ক্ষিত নানাবিধ অসুবিধার মোকাবেলা করিতে হইতে পারে।

বরাদ্দপ্রাপ্ত বাসস্থানে আপনার অবস্থানকালীন সময়ে বিদ্যুৎ বিল বকেয়া থাকার তথ্য প্রমাণিত হইলে বরাদ্দপত্র বাতিল করা হইবে।

খালিসাপেক্ষ

আপনার বিশ্বস্ত

..... (মোঃ আলিমুল আলম)
উপ-পরিচালক (সিইঃ)-পরিচালক

সমীপেষু :

- (১) অফিস..... প্রধান শিক্ষক, মোহাম্মদপুর সরকারি উচ্চ বিদ্যালয়, ঢাকা।
- (২) ভাড়া শাখা, অত্র পরিদপ্তর। বরাদ্দ প্রাপকের মাসিক মূল বেতন টাকা..... ৪৭,৩০০/-
- (৩) অনুসন্ধান অফিস নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত রক্ষণাবেক্ষণ বিভাগ, ১ম ১২তলা সেগুনবাগিচা, ঢাকা।
- (৪) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুনারা পল্টন, ঢাকা।
- (৫) উপবিভাগীয় প্রকৌশলী, গণপূর্ত রক্ষণাবেক্ষণ উপবিভাগ-২, বাড়ী ৫-এ/১১ রাজিয়াসুলতানা রোড, মোহাম্মদপুর, ঢাকা
- (৬) সহকারী পরিচালক, আইসিটি শাখা, এ পরিদপ্তর, ঢাকা।
- (৭) পরিচালকের ব্যক্তিগত সহকারী, এ পরিদপ্তর, ঢাকা (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- (৮) পরিদর্শক, মোহাম্মদপুর সরকারি আবাসন, এ পরিদপ্তর, ঢাকা।
- (৯) মাস্টার ফাইল।
- (১০)

..... (মোঃ আরিফুর রহমান)
উপ-পরিচালক (সিইঃ)-পরিচালক

দখলের রিপোর্ট

বাসা নং..... যাত্রা অত্র অফিস মারফত পত্র নং..... তাং.....

এ দ্বারা বরাদ্দ হইয়াছে, অদ্য আমাকর্তৃক দখলভুক্ত হইয়াছে।

নাম..... পদবী..... অফিস.....